

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৭৪(আগরতলা, ৬।৩)
অমরপুর, ৬ মার্চ, ২০১৯

অমরপুর মহকুমা শাসকের কার্যালয়
নতুন বাড়িতে স্থানান্তরিত

অমরপুর মহকুমা শাসকের কার্যালয় নিম্নীয়মান নতুন বাড়িতে স্থানান্তর করা হয়েছে। গত ৩ মার্চ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে নতুন বাড়ির দ্বারোদঘাটন করেন বিধায়ক রঞ্জিত দাস। অনুষ্ঠানে অমরপুর বি এ সি'র চেয়ারম্যান সঞ্জয় জমাতিয়া, গোমতী জেলার জেলাশাসক তরুণকান্তি দেবনাথ, মহকুমা শাসক সুভাষ চন্দ্র সাহা, গ্রামোন্নয়ন দপ্তরের কার্যনির্বাহী বাস্তুকার দুর্গাচরণ জমাতিয়া প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন তরুণ চক্রবর্তী। উল্লেখ্য, এতদিন পুরাতন টাউন হলে ছোট পরিসরে মহকুমা শাসক কার্যালয়ের কাজকর্ম চলছিল। এখন থেকে নিম্নীয়মান দ্বিতল পাকাবাড়ির নিচ তলায় ১২টি কক্ষে এই কার্যালয়ের কাজ চলবে।
